



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর

মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা .....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক .....	১৪
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ .....	১৬
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ .....	১৭

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বিপিসি বিগত ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ (মার্চ'২২ পর্যন্ত) আর্থিক বছরে মোট ৩৪.৩৯ লক্ষ মে.টন অপরিশোধিত ও ১১৯.৪৬ লক্ষ মে.টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি এবং ১৮,৭৯৫ মে.টন ন্যাফথা রপ্তানি করেছে। উক্ত সময়ে জ্বালানি তেল বিক্রয়ের মোট পরিমাণ ছিল প্রায় ১৬৩.৫০ লক্ষ মে.টন। এছাড়া বিগত তিন অর্থবছরে বিপিসি কর্তৃক সরকারি কোষাগারে প্রদানকৃত মোট অর্থের পরিমাণ প্রায় ৩৯,৪৮২.৬২ কোটি টাকা (সাময়িক)। বিগত তিন অর্থবছরে জ্বালানি তেলের মজুদ ক্ষমতা ধারাবাহিকভাবে ১,০৮,৫১১ মে.টন বৃদ্ধি সাপেক্ষে দেশে মজুদ ক্ষমতা মোট ১৩,০৮,৮৪৭ মে.টনে উন্নীত হয়েছে। বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য প্রকল্পসমূহের মধ্যে ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপলাইন প্রকল্পের সার্বিক অগ্রগতি ৬০%। ইআরএল ইউনিট-২ এর জন্য ফিড সার্ভিসেস ফর দি ইনস্টলেশন অফ ইআরএল ইউনিট-২, চট্টগ্রাম প্রকল্পের সার্বিক অগ্রগতি ৮৮%। এছাড়া চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন প্রকল্পের সার্বিক অগ্রগতি ৪৫%।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

- জ্বালানি তেল আমদানি ও দেশের অভ্যন্তরে পরিবহনের ক্ষেত্রে বর্তমান লাইটারেজ ও পরিবহন ব্যবস্থা থেকে সময় ও ব্যয় সাশ্রয়ী পদ্ধতিতে উত্তরণ;
- খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বোরো মৌসুমে সারাদেশে নিরবচ্ছিন্ন ডিজেল সরবরাহ নিশ্চিতকরণ;
- আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি ও ডলারের সাথে টাকার বিনিময় হার বৃদ্ধির কারণে দেশের অভ্যন্তরে জ্বালানি তেলের মূল্য সমন্বয়করণ;
- জ্বালানি তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ।

#### ভবিষ্যৎ পরিকল্পনা:

জ্বালানি তেলের আমদানি নির্ভরতা কমানোর লক্ষ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আরও ৩০ লক্ষ মেট্রিক টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন "ইআরএল ইউনিট-২" স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করেছে, যা বর্তমানে প্রক্রিয়াধীন। দেশের সকল ডিপো অটোমেশনের আওতায় আনার লক্ষ্যে অটোমেশন অব অয়েল ডিপো ইনক্লুডিং সেফটি এন্ড সিকিউরিটি শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। জ্বালানি তেলের মজুদ ক্ষমতা ৬০ দিনে উন্নীতকরণের লক্ষ্যে স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। কক্সবাজার জেলার মহেশখালী-মাতারবাড়ী এলাকায় বছরে ১০-১২ লক্ষ মে.টন অপারেশন ক্ষমতা সম্পন্ন রেফ্রিজারেটেড এলপিজি মাদার টার্মিনাল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ টার্মিনাল থেকে বিভিন্ন কোম্পানির নিকট বাস্ক আকারে এলপি গ্যাস বিক্রয় করা হবে। চট্টগ্রামের সীতাকুন্ড এলাকায় ১.০০(এক) লক্ষ মে.টন ধারণ ক্ষমতার এলপিজি স্টোরেজ এন্ড বটলিং প্ল্যান্ট স্থাপন এবং টাঙ্গাইলের এলেজায় এলপিজি সিলিন্ডার ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া বিপিসি'র নিজস্ব অফিস ভবন ও আবাসিক ভবন নির্মাণের নিমিত্ত কার্যক্রম শুরু করা হয়েছে।

#### ২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ২০২২-২৩ অর্থবছরে আমদানিতব্য পরিশোধিত জ্বালানি তেলের পরিমাণ ৪৬ লক্ষ মে.টন।
- ২০২২-২৩ অর্থবছরে আমদানিতব্য অপরিশোধিত জ্বালানি তেলের পরিমাণ ১৩ লক্ষ মে.টন।
- ২০২২-২৩ অর্থবছরে পেট্রোলিয়াম পণ্য আনুমানিক ৫২ লক্ষ মে.টন বিপণন করা হবে মর্মে আশা করা যায়।
- ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের ট্যাপ অব পয়েন্ট হতে সৈয়দপুর বিদ্যুৎকেন্দ্র পর্যন্ত পাইপলাইন নির্মাণ প্রকল্পের ক্ষেত্রে ২০২২-২৩ অর্থবছরে ৩(তিন) কি.মি পাইপলাইন বসানো হবে।
- গভীর সাগর থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাস (এসপিএম) প্রকল্পের ক্ষেত্রে ১০(দশ) কি.মি পাইপলাইন বসানো হবে।
- চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইন প্রকল্পের ক্ষেত্রে ২০২২-২৩ অর্থবছরে ৫০(পঞ্চাশ) কি.মি পাইপলাইন বসানো হবে।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের .....<sup>জুন</sup>..... মাসের .....<sup>২৬</sup>..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

সারাদেশে নিরবচ্ছিন্নভাবে ন্যায্য মূল্যে পরিবেশ বান্ধব জ্বালানি তেল সরবরাহের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

জ্বালানি তেল আমদানি, পরিশোধন, বিতরণ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ।

#### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

##### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

- ক্রুড পেট্রোলিয়াম এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি
- পেট্রোলিয়ামজাত পণ্য বিপণন এবং দূষণমুক্ত জ্বালানি তেল নিশ্চিতকরণ
- জ্বালানি সরবরাহ নির্বিঘ্নকরণ
- ক্রুড পেট্রোলিয়াম শুদ্ধিকরণ এবং বিভিন্ন মানের পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য সামগ্রী উৎপাদন
- মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম

##### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

- সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

#### ১.৪ কার্যাবলি (Functions)

- ১৯৭৪ সালের বাংলাদেশ পেট্রোলিয়াম অ্যাক্ট (অধ্যাদেশ নং-৬৯) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৬ এর আওতায় সম্পাদিতব্য কার্যাবলি;
- আমদানিকৃত অপরিশোধিত তেল এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য সংগ্রহ ও মজুদ;
- অপরিশোধিত তেল পরিশোধন এবং বিভিন্ন শ্রেণীর (Various grade) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য উৎপাদন;
- অপরিশোধিত তেল পরিশোধনকারী কারখানা এবং এর সহায়ক প্রতিষ্ঠান স্থাপন;
- লুব বেইজ অয়েল, প্রয়োজনীয় সংযোজক দ্রব্য (Additives) ও অন্যান্য রাসায়নিক দ্রব্য সমন্বয়ে প্রস্তুতকৃত (Finished) লুব্রিকেটিং তেল আমদানি;
- লুব্রিকেটিং প্ল্যান্ট স্থাপন, ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-সাইক্লিং বা উন্নতি বিধানকরণ (Revamping) প্ল্যান্ট স্থাপন;
- পরিশোধন কারখানা বর্জ্য বা অবশিষ্টাংশ প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট স্থাপন;
- পরিশোধিত ও অপরিশোধিত তেল সংরক্ষণাগার (Storage Facilities) নির্মাণ ও তদুদ্দেশ্যে পরিকল্পনা গ্রহণ;
- বিপণন কোম্পানিসমূহকে পেট্রোলিয়ামজাত পদার্থ বরাদ্দের পরিমাণ নির্ধারণ;
- পেট্রোলিয়ামজাত পণ্য বাজারজাতকরণের সুবিধাদি সৃষ্টি ও সম্প্রসারণ;
- পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্য রপ্তানি এবং
- পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্যে ব্যবস্থাপনা প্রতিনিধি হিসেবে কাজ করা এবং কোন ফার্ম বা কোম্পানির সাথে চুক্তিতে আবদ্ধ হওয়া।

**সেকশন ২**  
**বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)**

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৩-২০২৪	২০২৪-২০২৫		
দেশের সর্বত্র পেট্রোলিয়াম পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ।	মাথাপিছু পিওএল-এর ব্যবহার	কেজিওই (Kg Oil Equivalent)	৩৯.৭৪	৪০.৯৮	৪১.০৬	৪২.০২	৪৪.০২	অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, জাতীয় রাজস্ব বোর্ড, পেট্রোবাংলা।	বিপিসি'র বার্ষিক প্রতিবেদন, বিপিসি'র সেচ পুস্তিকা, বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো, দি স্ট্যাটিস্টিক্স পোর্টাল।
গভীর সমুদ্র থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাস (এসপিএম)।	পাইপলাইন স্থাপিত	কি.মি	২০.৫	১৬	১০	-	-	অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন।	নির্বাচনী ইশতিহার ২০১৮ (পৃষ্ঠা-৪৩)
ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের ট্যাপ অব পয়েন্ট হতে সৈয়দপুর বিদ্যুৎকেন্দ্র পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	পাইপলাইন স্থাপিত	কি.মি	-	-	৩	৪	-	অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন।	নির্বাচনী ইশতিহার ২০১৮ (পৃষ্ঠা-৪৩)
চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	পাইপলাইন স্থাপিত	কি.মি	-	৭৫	১৭৫	-	-	অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন।	নির্বাচনী ইশতিহার ২০১৮ (পৃষ্ঠা-৪৩)

\*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩  
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
<b>এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র</b>															
[১] কুড পেট্রোলিয়াম এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি	২০	[১.১] পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি	[১.১.১] পরিশোধিত তেল আমদানি	সমষ্টি	লক্ষ মে.টন	১০	৪১.২৫	৩৭.২৪	৪৬	৪৫	৪৪	৪২	৪০	৪৭	৪৮
		[১.২] অপরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি	[১.২.১] কুড অয়েল আমদানি	সমষ্টি	লক্ষ মে.টন	৭	১৩.৩২	৯.৬৯	১৩	১২	১১	১০	৯	১২	১৩
		[১.৩] লোকাল উৎস হতে পরিশোধিত তেল সংগ্রহ	[১.৩.১] পরিশোধিত তেল সংগ্রহ	সমষ্টি	লক্ষ মে.টন	৩	৩.৯২	৩.০০	৩.২৫	৩.২০	৩.০০	২.৯০	২.৮০	৩.৫০	৩.৫০
[২] পেট্রোলিয়ামজাত পণ্য বিপণন এবং দূষণমুক্ত জ্বালানি তেল নিশ্চিতকরণ	১৬	[২.১] পেট্রোলিয়াম পণ্য বিপণন	[২.১.১] সারাদেশে পেট্রোলিয়াম পণ্য বিপণন	সমষ্টি	লক্ষ মে.টন	১০	৬১.৮৯	৪৫.৩৮	৫২	৫০	৪৮	৪৫	৪০	৫৩	৫৪
		[২.২] জ্বালানি তেল মনিটরিং	[২.২.১] ফিলিং স্টেশন ও এজেন্সীসমূহ পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	৪	২০১	৫৫৭	৩০০	২৯০	২৮০	২৭০	২৫০	৩২০	৩৫০
			[২.২.২] বেসরকারী এলপিগি বটলিং প্ল্যান্ট পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	১	০	০	৬	৫	৪	৩	২	৭	৮
			[২.২.৩] বেসরকারী ল্যুব স্টেন্ডিং প্ল্যান্ট পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	১	০	০	৬	৫	৪	৩	২	৭	৮

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৩] জ্বালানি সরবরাহ নিবিঘ্নকরণ	১৫	[৩.১] পাইপলাইন নির্মাণ	[৩.১.১] চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	সমষ্টি	কিলোমিটার	৩	০	৭৫	১৭৫	১৫০	১৪০	১৩০	১২০	০	০
			[৩.১.২] গভীর সমুদ্র থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাস (এসপিএম) প্রকল্প।	সমষ্টি	কিলোমিটার	৩	২০.৫	১২	১০	৯	৮	৭	৬	০	০
			[৩.১.৩] ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের ট্যাপ অব পয়েন্ট হতে সৈয়দপুর বিদ্যুৎকেন্দ্র পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	সমষ্টি	কিলোমিটার	৩	০	০	৩	২	১	০	০	০	৮
		[৩.২] গভীর সাগর থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাসের জন্য ট্যাঙ্ক ফার্ম নির্মাণ	[৩.২.১] নির্মিত ট্যাঙ্ক ফার্ম	সমষ্টি	সংখ্যা	৩	০	০	৬	৫	৪	৩	২	০	০
		[৩.৩] ইআরএল-এ কাস্টডি ট্রান্সফার ফ্লো-মিটার স্থাপন	[৩.৩.১] ডিজাইন, সাপ্লাই, ইন্সটলেশন টেস্টিং এন্ড কমিশনিং অফ কাস্টডি ট্রান্সফার ফ্লো-মিটার উইথ সুপারভাইজরি কন্ট্রোল এগ্যাট ইআরএল।	সমষ্টি	শতকরা	৩	০	০	৬০	৫০	৪০	৩০	২০	৪০	০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
<b>এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র</b>															
[৪] কুড পেট্রোলিয়াম শুদ্ধিকরণ এবং বিভিন্ন মানের পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য সামগ্রী উৎপাদন	১২	[৪.১] কুড অয়েল প্রসেসিং	[৪.১.১] কুড অয়েল প্রসেস	সমষ্টি	লক্ষ মে.টন	৫	১৫.১২	৯.৭৫	১৩	১২	১১	১০	৯	১২	১৩
		[৪.২] বিভিন্ন গ্রেডের পেট্রোলিয়াম পণ্য উৎপাদন	[৪.২.১] মধ্যম	সমষ্টি	লক্ষ মে.টন	৩	৭.২৬	৪.৪১	৫.৯৮	৫.৫০	৫.০০	৪.৫০	৪.০০	৫.৩৯	৫.৯৮
			[৪.২.২] উচ্চ	সমষ্টি	লক্ষ মে.টন	২	২.৩৩	১.৪৭	১.৯০	১.৮০	১.৭০	১.৫০	১.২৫	১.৭১	১.৯০
			[৪.২.৩] নিম্ন	সমষ্টি	লক্ষ মে.টন	২	৫.৬২	৩.৭১	৪.৯১	৪.৫০	৪.০০	৩.৫০	৩.২৫	৪.৪২	৪.৯১
[৫] মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম	৭	[৫.১] মানব সম্পদ উন্নয়ন	[৫.১.১] জনবল প্রশিক্ষিত	সমষ্টি	জনসংখ্যা	৫	২৪৫১	১৮৩৭	১৮০০	১৭০০	১৬০০	১৫০০	১৪০০	১৯০০	২০০০
			[৫.১.২] অভ্যন্তরীণ শিখন সেশন	সমষ্টি	সংখ্যা	২	০	৪	৪	৩	২	১	০	৫	৬

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
<b>সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র</b>															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

\*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

চেয়ারম্যান  
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
এ বি এম আজাদ এনভিপি  
চেয়ারম্যান (সচিব)  
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২৬-০৬-২০২২

তারিখ

সিনিয়র সচিব  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও  
খনিজ সম্পদ মন্ত্রণালয়  
মোঃ মাহবুব হোসেন  
সিনিয়র সচিব  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৬/৬/২০২২

তারিখ

## সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	এলপিজি	লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস
২	কেজিওই	কিলোগ্রাম অয়েল ইকুইভ্যালেন্ট
৩	জিআরএস	গ্রিভেন্স রিডেস সিস্টেম
৪	ডিপিপি	ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল
৫	পিওএল	পেট্রোলিয়াম অয়েল এন্ড লুব্রিকেন্টস্
৬	বিআইডব্লিউটিএ	বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি
৭	বিপিসি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৮	মে.টন	মেট্রিক টন

**সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি	[১.১.১] পরিশোধিত তেল আমদানি	বাণিজ্য ও অপারেশন্স বিভাগ, বিপিসি।	বিপিসি'র বাণিজ্য ও অপারেশন্স বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
[১.২] অপরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি	[১.২.১] ক্রুড অয়েল আমদানি	বাণিজ্য ও অপারেশন্স বিভাগ, বিপিসি।	বিপিসি'র বাণিজ্য ও অপারেশন্স বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
[১.৩] লোকাল উৎস হতে পরিশোধিত তেল সংগ্রহ	[১.৩.১] পরিশোধিত তেল সংগ্রহ	বন্টন ও বিপণন বিভাগ, বিপিসি।	বিপিসি'র বন্টন ও বিপণন বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
[২.১] পেট্রোলিয়াম পণ্য বিপণন	[২.১.১] সারাদেশে পেট্রোলিয়াম পণ্য বিপণন	বন্টন ও বিপণন বিভাগ, বিপিসি।	বিপিসি'র বন্টন ও বিপণন বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
[২.২] জ্বালানি তেল মনিটরিং	[২.২.১] ফিলিং স্টেশন ও এজেন্সীসমূহ পরিদর্শন	বন্টন ও বিপণন বিভাগ, বিপিসি।	বিপিসি'র বন্টন ও বিপণন বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
	[২.২.২] বেসরকারী এলপিগি বটলিং প্ল্যান্ট পরিদর্শন	জ্বাখসবি, বিপিসি ও সংশ্লিষ্ট কোম্পানি সমন্বয়ে গঠিত কমিটি।	কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন।
	[২.২.৩] বেসরকারী ল্যুব রেন্ডিং প্ল্যান্ট পরিদর্শন	জ্বাখসবি, বিপিসি ও সংশ্লিষ্ট কোম্পানি সমন্বয়ে গঠিত কমিটি।	কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন।
[৩.১] পাইপলাইন নির্মাণ	[৩.১.১] চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিপিসি।	বিপিসি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
	[৩.১.২] গভীর সমুদ্র থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাস (এসপিএম) প্রকল্প।	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিপিসি।	বিপিসি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
	[৩.১.৩] ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের ট্যাপ অব পয়েন্ট হতে সৈয়দপুর বিদ্যুৎকেন্দ্র পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিপিসি।	বিপিসি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
[৩.২] গভীর সাগর থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাসের জন্য ট্যাঙ্ক ফার্ম নির্মাণ	[৩.২.১] নির্মিত ট্যাঙ্ক ফার্ম		
[৩.৩] ইআরএল-এ কাস্টডি ট্রান্সফার ফ্লো-মিটার স্থাপন	[৩.৩.১] ডিজাইন, সাপ্লাই, ইন্সটলেশন টেন্ডিং এন্ড কমিশনিং অফ কাস্টডি ট্রান্সফার ফ্লো-মিটার উইথ সুপারভাইজরি কন্ট্রোল এ্যাট ইআরএল।	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিপিসি।	বিপিসি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
[৪.১] ক্রুড অয়েল প্রসেসিং	[৪.১.১] ক্রুড অয়েল প্রসেস	বাণিজ্য ও অপারেশন্স বিভাগ, বিপিসি।	বিপিসি'র বাণিজ্য ও অপারেশন্স বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
[৪.২] বিভিন্ন গ্রেডের পেট্রোলিয়াম পণ্য উৎপাদন	[৪.২.১] মধ্যম	বাণিজ্য ও অপারেশন্স বিভাগ, বিপিসি।	বিপিসি'র বাণিজ্য ও অপারেশন্স বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
	[৪.২.২] উচ্চ	বাণিজ্য ও অপারেশন্স বিভাগ, বিপিসি।	বিপিসি'র বাণিজ্য ও অপারেশন্স বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
	[৪.২.৩] নিম্ন	বাণিজ্য ও অপারেশন্স বিভাগ, বিপিসি।	বিপিসি'র বাণিজ্য ও অপারেশন্স বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৫.১] মানব সম্পদ উন্নয়ন	[৫.১.১] জনবল প্রশিক্ষিত	সাচিবিক বিভাগ, বিপিসি।	বিপিসি'র সাচিবিক বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।
	[৫.১.২] অভ্যন্তরীণ শিখন সেশন	সাচিবিক বিভাগ, বিপিসি।	বিপিসি'র সাচিবিক বিভাগ হতে প্রাপ্ত তথ্যাদি।

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
পাইপলাইন নির্মাণ	চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়	ডিপিপি অনুমোদন।
পাইপলাইন নির্মাণ	গভীর সমুদ্র থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাস (এসপিএম) প্রকল্প।	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়	ডিপিপি অনুমোদন।
পাইপলাইন নির্মাণ	ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের ট্যাপ অব পয়েন্ট হতে সৈয়দপুর বিদ্যুৎকেন্দ্র পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়	ডিপিপি অনুমোদন।
ইআরএল-এ কাস্টডি ট্রান্সফার ফ্লো-মিটার স্থাপন	ডিজাইন, সাপ্লাই, ইন্সটলেশন টেস্টিং এন্ড কমিশনিং অফ কাস্টডি ট্রান্সফার ফ্লো-মিটার উইথ সুপারভাইজরি কন্ট্রোল এ্যাট ইআরএল।	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	প্রশাসনিক ও আর্থিক অনুমোদন।
পাইপলাইন নির্মাণ	চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	প্রশাসনিক ও আর্থিক অনুমোদন।
পাইপলাইন নির্মাণ	গভীর সমুদ্র থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাস (এসপিএম) প্রকল্প।	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	প্রশাসনিক ও আর্থিক অনুমোদন।
পাইপলাইন নির্মাণ	ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের ট্যাপ অব পয়েন্ট হতে সৈয়দপুর বিদ্যুৎকেন্দ্র পর্যন্ত পাইপলাইন নির্মাণ।	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	প্রশাসনিক ও আর্থিক অনুমোদন।
অপরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি	ক্রুড অয়েল আমদানি	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	প্রশাসনিক ও আর্থিক অনুমোদন।
পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি	পরিশোধিত তেল আমদানি	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	প্রশাসনিক ও আর্থিক অনুমোদন।

**সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ**